


# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

## বিজ্ঞপ্তি

নং-৮০.০০.০০০০.২০০.৫০.০৩০.১৮-৭২১ তারিখঃ ২৬.০৭.২০১৮

**বিষয়ঃ ৩৯তম বিসিএস (বিশেষ) পরীক্ষা-২০১৮-এর লিখিত (MCQ Type) পরীক্ষার আসন ব্যবস্থা, সময়সূচি ও পরিচালনার নির্দেশনা।**

৩৯তম বিসিএস (বিশেষ) পরীক্ষা-২০১৮ এর লিখিত (MCQ Type) পরীক্ষা আগামী ০৩.০৮.২০১৮ তারিখ শুক্রবার ঢাকা কেন্দ্রে নিম্নলিখিত সময়সূচি এবং আসনব্যবস্থা অনুযায়ী অনুষ্ঠিত হবেঃ

**ক-সময়সূচি এবং পরীক্ষা পরিচালনার জরুরি নির্দেশনাঃ**

| তারিখ ও দিন | সময় ও পূর্ণ নম্বর | সময়সূচি | প্রার্থীদের করণীয় |
|---|---|---|---|
| ০৩.০৮.২০১৮ (শুক্রবার) | বিকাল ০৩:০০টা থেকে ০৫:০০টা পর্যন্ত। পূর্ণ নম্বরঃ ২০০ | ১:৩০-২:২৫ | প্রার্থীগণ নির্ধারিত পরীক্ষা হলে নিজ নিজ পরীক্ষা কক্ষে প্রবেশ করে নির্দিষ্ট আসন গ্রহণ করবেন। |
| | | ২:৩০টা | প্রার্থীদের উত্তরপত্র দেয়া হবে। উত্তরপত্রের ৪টি সেট থাকবে, যেমন সেট-১, সেট-২, সেট-৩ এবং সেট-৪। প্রার্থীগণ উত্তরপত্রে নিজ জেলা ও রেজিস্ট্রেশন নম্বর লিখবেন এবং রেজিস্ট্রেশন নম্বরের সংশ্লিষ্ট বৃত্তগুলো কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে ভরাট করবেন। প্রার্থীরা হাজিরা তালিকায় স্বাক্ষর করবেন। এ সময় প্রবেশপত্র টেবিলের উপর খুলে রাখতে হবে। **প্রবেশপত্রের ছবি এবং স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে। গরমিল পাওয়া গেলে বহিষ্কারসহ যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।** |
| | | ৩:০০টা | প্রার্থীদের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের অনুরূপ প্রশ্নপত্রেরও ৪টি সেট থাকবে যেমন সেট-১, সেট-২, সেট-৩ এবং সেট-৪। প্রার্থী যে সেট নম্বরের উত্তরপত্র পাবেন তাকে সে সেট নম্বরের প্রশ্নপত্র দেয়া হবে। উত্তরপত্রের সেট নম্বর এবং প্রশ্নপত্রের সেট নম্বর এক এবং অভিন্ন হতে হবে। বিষয়টি নিশ্চত হয়ে প্রার্থী উত্তরদান শুরু করবেন। |
| | | ৫:০০টা | পরীক্ষা শেষ হবে। প্রার্থীগণ নিজ নিজ আসনে অবস্থান করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করবেন। পরিদর্শকগণ উত্তরপত্র সংগ্রহ করে বুঝে নেয়ার পর প্রার্থীগণ পরীক্ষা কক্ষ ত্যাগ করবেন। প্রশ্নপত্র প্রার্থীগণ নিয়ে যাবেন। |

২. **পরীক্ষা সংক্রান্ত জরুরি নির্দেশনাঃ**

১. প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৬ (ছয়) ডিজিট সংবলিত। কোনো প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর ৬ ডিজিটের কম সংখ্যার হলে বামদিকের ঘর/ঘরগুলো ০ (শূন্য) দিয়ে পূরণ করে রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ (সংখ্যাসমূহ) উত্তরপত্রের প্রযোজ্য ঘরে কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে লিখে নীচের প্রযোজ্য বৃত্ত ভরাট করতে হবে।

২. **প্রতিটি উত্তরপত্রে সেট নম্বরের নির্ধারিত স্থানে সেট নম্বর এবং সেট নম্বরের জন্য নীচের সংশ্লিষ্ট বৃত্তটি মুদ্রিত থাকবে। কাজেই প্রার্থীদের উত্তরপত্রে সেট নম্বর লিখার এবং সেট নম্বরের বৃত্ত ভরাট করার প্রয়োজন হবে না। প্রার্থীকে যে সেট নম্বরের উত্তরপত্র দেয়া হবে তাকে সেই সেট নম্বরের প্রশ্নপত্র সরবরাহ করা হবে। বিকাল ৩:০০টায় প্রশ্নপত্র প্রাপ্তির পর প্রার্থী তার প্রশ্নপত্রের সেট নম্বর এবং উত্তরপত্রের সেট অভিন্ন কিনা তা চেক করে নিশ্চিত হবেন। প্রশ্নপত্র এবং উত্তরপত্রের সেট নম্বর অভিন্ন না হলে সঙ্গে সঙ্গে পরিদর্শককে অবহিত করতে হবে।**

৩. প্রবেশপত্রের নীচে মুদ্রিত নির্দেশনা অতি মনোযোগের সাথে পড়তে এবং অনুসরণ করতে হবে।

৪. প্রশ্নপত্র বিতরণের পর [বিকাল ৩.০০টা] কোনো প্রার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেয়া হবে না। প্রশ্নপত্র দেয়ার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত [বিকাল ৫:০০] কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না।

৫. **হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং নামের পাশে প্রবেশপত্রের অনুরূপ তার ছবি এবং স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিস্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।**

৬. **প্রার্থীদের পরীক্ষায় ঘড়ি এবং ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ করা হয়েছে। এ বিষয়ে প্রার্থীদের প্রবেশপত্রের ৪নং অনুচ্ছেদের নির্দেশনা প্রতিপালন করার অনুরোধ করা হলো। সময় দেখার জন্য পরীক্ষা হলের সকল কক্ষে কমিশন হতে সরবরাহকৃত প্রয়োজনীয় সংখ্যক দেয়াল ঘড়ি স্থাপন করা হবে। কাজেই ০৩.০৮.২০১৮ তারিখ ৩৯তম বিসিএস (বিশেষ) লিখিত (MCQ Type) পরীক্ষার দিন প্রার্থীদের পরীক্ষার হলে কোনো প্রকার ঘড়ি এবং ক্যালকুলেটর না আনার জন্য অনুরোধ করা হলো।**

৭. **পরীক্ষায় অসদুপায় প্রতিরোধকল্পে প্রার্থীদের নিম্নোক্ত বিষয়গুলো গুরুত্বের সাথে অনুসরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলোঃ**

ক. **পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, সকল প্রকার ঘড়ি, মোবাইল ফোন, ক্যালকুলেটর সকল ধরণের ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। উপরিউক্ত নিষিদ্ধ সামগ্রীসহ কোনো প্রার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবেন না।**

খ. **পরীক্ষা হলের গেটে ম্যাজিস্ট্রেট-পুলিশের উপস্থিতিতে প্রবেশপত্র এবং মেটাল ডিটেকটরের সাহায্যে মোবাইল ফোন, ঘড়ি, ইলেকট্রনিক ডিভাইসসহ নিষিদ্ধ সামগ্রী তল্লাসির মধ্য দিয়ে প্রার্থীদের পরীক্ষা হলে প্রবেশ করতে হবে।**

গ. **পরীক্ষার দিন উল্লিখিত নিষিদ্ধ সামগ্রী সঙ্গে না আনার জন্য সকল প্রার্থীর মোবাইল ফোনে প্রাপ্ত sms বার্তায় প্রদত্ত নির্দেশনা অনুসরণ করতে হবে।**

ঘ. **পরীক্ষার সময় প্রার্থীগণ কানের উপর কোনো আবরণ রাখবেন না, কান খোলা রাখতে হবে। কানে কোনো ধরনের হিয়ারিং এইড ব্যবহারের প্রয়োজন হলে বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শপত্রসহ পূর্বাহ্নে কর্ম কমিশনের অনুমোদন গ্রহণ করতে হবে।**

ঙ. **পরীক্ষার হলে প্রার্থীগণ গহনা-অলংকার জাতীয় কিছু ব্যবহার করবেন না।**

চ. **পরীক্ষার হলে ক্রেডিট কার্ড/ব্যাংক কার্ড সদৃশ কোনো কিছু বহন করা যাবে না।**

৮. **পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো প্রার্থীর নিকট কোনো প্রকার ঘড়ি, মোবাইল ফোন, ইলেকট্রনিক ডিভাইস, ক্যালকুলেটর এবং নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে ৩৯তম বিসিএস (বিশেষ) লিখিত (MCQ Type) পরীক্ষার বিজ্ঞাপনের শর্তানুযায়ী তা বাজেয়াপ্ত করে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে হল থেকে বহিস্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে। ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যেকোনো নিয়োগ পরীক্ষার জন্য এ ধরনের প্রার্থীকে অযোগ্য ঘোষণা করা হবে। কাজেই পরীক্ষার দিন কোনোভাবেই ঘড়ি, মোবাইল ফোন, ক্যালকুলেটর, কোনো প্রকার ইলেকট্রনিক ডিভাইস এবং উল্লিখিত নিষিদ্ধ সামগ্রী না আনার জন্য প্রার্থীদের বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।**

৯. কেন্দ্র পরিবর্তনের কোনো আবেদন বিবেচনা করা হবে না।

১০. **অনলাইন আবেদনপত্রে (বিপিএসসি ফরম-১) প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্য এবং ৩৯তম বিসিএস (বিশেষ) লিখিত (MCQ Type) পরীক্ষার বিজ্ঞাপনের ৭নং অনুচ্ছেদ অনুযায়ী প্রদত্ত অঙ্গীকারনামার ভিত্তিতে প্রার্থীকে প্রবেশপত্র প্রদান করা হয়েছে। বিজ্ঞাপনের ৮ নম্বর অনুচ্ছেদের শর্ত পূরণে ব্যর্থ হলে এবং বিজ্ঞাপনের ২১ নম্বর অনুচ্ছেদের শর্তানুযায়ী কোনো প্রার্থীর আবেদনপত্রে Substantive ত্রুটি ধরা পড়লে পরীক্ষার আগে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে।**

১১. ৩৯তম বিসিএস (বিশেষ) লিখিত (MCQ Type) পরীক্ষার OMR উত্তরপত্রের ২টি অংশ থাকবে। প্রথম অংশে প্রার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, সেট নম্বর এবং স্বাক্ষরের স্থান থাকবে। দ্বিতীয় অংশে ২০০টি উত্তর প্রদানের জন্য ১-২০০ পর্যন্ত ক্রম অনুযায়ী বৃত্তসমূহ থাকবে। উত্তরপত্রের প্রথম অংশে সেট নম্বর এবং পরীক্ষা কেন্দ্রের নাম থাকবে এবং সংশ্লিষ্ট বৃত্ত পূরণ করা থাকবে। কাজেই প্রার্থীকে উত্তরপত্রে সেট নম্বর লিখা এবং বৃত্ত ভরাট করার প্রয়োজন হবে না। উত্তরপত্রের প্রথম অংশে নির্ধারিত স্থানে প্রার্থী তার নাম লিখবেন, রেজিস্ট্রেশন নম্বর লিখে নীচের সংশ্লিষ্ট বৃত্তসমূহ পূরণ করবেন এবং নির্ধারিত স্থানে স্বাক্ষর করবেন।

১২. **প্রার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা হচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে উত্তরপত্রে ফ্লুইড লাগালে কোনোরূপ সাংকেতিক চিহ্ন প্রদান করলে ৩৯তম বিসিএস (বিশেষ) লিখিত (MCQ Type) পরীক্ষার বিজ্ঞাপনের ২৮(গ) অনুচ্ছেদের শর্ত অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে।**

১৩. পরীক্ষা শুরুর পর [৩:১০ হতে ৩:৩০ এর মধ্যে] প্রার্থীর উত্তরপত্র ও প্রশ্নপত্রের সেট নম্বর এক এবং অভিন্ন কিনা এবং উত্তরপত্রের প্রথম অংশে প্রার্থী রেজিস্ট্রেশন নম্বর লিখে স্বাক্ষর করেছেন কিনা তা কক্ষ পরিদর্শক চেক করে উত্তরপত্রের প্রথম অংশ পারফোরেটেড স্থানে বিচ্ছিন্ন করে দ্বিতীয় অংশ হতে আলাদা করবেন। ২০০টি প্রশ্নের উত্তর প্রদানের জন্য নির্ধারিত উত্তরপত্রের দ্বিতীয় অংশে প্রার্থী উত্তর প্রদান করবেন।

১৪. কোনো প্রার্থী পরীক্ষায় নকল করলে বা মোবাইল ফোন বা কোনো ধরনের ইলেকট্রনিক ডিভাইসসহ প্রবেশ এবং উক্ত প্রযুক্তির মাধ্যমে কোনো অসদুপায় অবলম্বন করলে বা কোনো অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে বিসিএস পরীক্ষা বিধিমালা-২০১৪ এর বিধান অনুসরণে ৩৯তম বিসিএস (বিশেষ) লিখিত (MCQ Type) পরীক্ষার বিজ্ঞাপনের ৩৭ অনুচ্ছেদের শর্ত এবং পরীক্ষায় অপরাধমূলক আচরণের জন্য শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ নীতিমালা-২০১৪ অনুযায়ী সংশ্লিষ্ট পরীক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত কোনো নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোনো পদের জন্য তিনি আবেদন করতে পারবেন না। প্রয়োজনে মামলা দায়েরপূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতে উক্ত প্রার্থীকে সোপর্দ করা হবে।

১৫. **পরীক্ষা কক্ষে পরিদর্শকগণ প্রার্থীর প্রবেশপত্রের ছবি, রেজিস্ট্রেশন নম্বর এবং জাতীয় পরিচয়পত্র (প্রয়োজনে) পরীক্ষা করবেন। প্রবেশপত্রে উল্লিখিত রেজিস্ট্রেশন নম্বর এবং নাম সঠিকভাবে উত্তরপত্রের যথাস্থানে প্রার্থী লিখেছেন কিনা এবং প্রার্থীর প্রবেশপত্র ও হাজিরা তালিকার ছবি অভিন্ন কিনা পরীক্ষান্তে তা নিশ্চিত হয়ে পরিদর্শক হাজিরা তালিকায় প্রার্থীর স্বাক্ষর গ্রহণ করবেন এবং হাজিরা তালিকায় পরিদর্শকের জন্য নির্ধারিত স্থানে পরিদর্শক স্বাক্ষর করবেন। কোনো প্রার্থীর ছবি, স্বাক্ষর, প্রবেশপত্র এবং উত্তরপত্রের নাম ও রেজিস্ট্রেশন নম্বরের গরমিলসহ কোনোরূপ অনিয়ম ধরা পড়লে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।**

১৬. **এ পরীক্ষায় মোট ২০০ (দুইশত)টি MCQ Type প্রশ্ন থাকবে। পরীক্ষার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ০১ (এক) নম্বর পাবেন,** তবে ভুল উত্তর দিলে প্রতিটি ভুল উত্তরের জন্য মোট প্রাপ্ত নম্বর থেকে ০.৫০ নম্বর করে কাটা হবে। পরীক্ষার জন্য পূর্ণ সময় **২ (দুই) ঘন্টা**।

১৭. **প্রতিবন্ধী প্রার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদেরকে সরকারি কর্ম কমিশনের অনুমোদিত শ্রুতিলেখকসহ পরীক্ষা হলে উপস্থিত হতে হবে। কমিশনের অনুমোদন ছাড়া নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা বহির্ভূত কোনো ব্যক্তিকে শ্রুতিলেখক হিসেবে আনা হলে তা গ্রহণযোগ্য হবে না।**

১৮. **প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।** কোনো প্রার্থীর Admit Card হারিয়ে গেলে/চুরি বা নষ্ট হয়ে গেলে এবং User ID/Password ভুলে গেলে কমিশনের Website এর সংশ্লিষ্ট Home Page এর Admit Card Menu তে ক্লিক করলে User Recovery ও Password Recovery বাটন দেখা যাবে উক্ত বাটন-এ ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে submit করলে প্রয়েজনীয় এবং কাঙ্খিত তথ্যাবলী পাওয়া যাবে এবং Admit Card download করে প্রিন্ট করতে পারবে।

১৯. বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

**খ. কেন্দ্র ও হলভিত্তিক আসন ব্যবস্থা নিম্নে দেয়া হলোঃ**

ঢাকা কেন্দ্রঃ

| ক্রমিক | পরীক্ষা হলের নাম | রেজিস্ট্রেশন নম্বর থেকে -------- পর্যন্ত | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|
| ১. | ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ, মোহাম্মদপুর, ঢাকা। | ১০০০০---১০২০০১ | ২০০০ |
| ২. | মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭। | ১০২০০২---১০৩৬০১ | ১৬০০ |
| ৩. | মোহাম্মদপুর উচ্চ বালিকা বিদ্যালয়, নুরজাহান রোড, মোহাম্মদপুর, ঢাকা। | ১০৩৬০২---১০৪৮০১ | ১২০০ |
| ৪. | লালমাটিয়া হাউজিং সোসাইটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ব্লক সি, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা। | ১০৪৮০২---১০৫৮০১ | ১০০০ |
| ৫. | ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭। | ১০৫৮০২---১০৬৮০১ | ১০০০ |
| ৬. | শেরে বাংলা নগর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭। | ১০৬৮০২---১০৮৪০২ | ১৬০০ |
| ৭. | শেরে বাংলা নগর সরকারি বালক উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭। | ১০৮৪০৩---১০৯৯০৩ | ১৫০০ |
| ৮. | গণভবন সরকারি উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭। | ১০৯৯০৪---১১০৭৭৪ | ৮৭০ |
| ৯. | ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা। | ১১০৭৭৫---১১৪৩৭৯ | ৩৬০০ |
| ১০. | কলেজ অব হোমইকোনোমিক্স,আজিমপুর, ঢাকা। | ১১৪৩৮০---১১৫৮৭৯ | ১৫০০ |
| ১১. | মিরপুর কলেজ, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬। | ১১৫৮৮০---১১৮০৮০ | ২২০০ |
| ১২. | ঢাকা শিক্ষা বোর্ড ল্যাবরেটরী স্কুল ও কলেজ, মিরপুর-১, ঢাকা-১২১৬। | ১১৮০৮১---১১৯৬৮২ | ১৬০০ |
| ১৩. | মিরপুর বাংলা স্কুল এন্ড কলেজ, মিরপুর-০৬, পল্লবী, ঢাকা (বালিকা শাখা) | ১১৯৬৮৩---১২০৬৮২ | ১০০০ |
| ১৪. | মিরপুর বাংলা স্কুল এন্ড কলেজ (কবরস্থানের পাশে), মিরপুর-১১, পল্লবী, ঢাকা (বালক শাখা)। | ১২০৬৮৩---১২২১৮৩ | ১৫০০ |
| ১৫. | কল্যাণপুর গার্লস স্কুল এন্ড কলেজ, কল্যাণপুর, মিরপুর, ঢাকা। | ১২২১৮৪---১২৩১৮৩ | ১০০০ |
| ১৬. | হযরত শাহ আলী উচ্চ বালিকা বিদ্যালয়, সেকশন-১, মিরপুর, ঢাকা-১২১৬। | ১২৩১৮৪---১২৪৪৮৩ | ১৩০০ |
| ১৭. | মডেল একাডেমি, পাইকপাড়া সরকারি কলোণী (সরকারি বাঙলা কলেজ এলাকা), মিরপুর-১, ঢাকা। | ১২৪৪৮৪---১২৫৯৮৩ | ১৫০০ |
| ১৮. | হাজী আশ্রাফ আলী হাই স্কুল, ৮৮৪/১, পূর্ব শেওড়াপাড়া, কাফরুল, ঢাকা। | ১২৫৯৮৪---১২৭০৮৪ | ১১০০ |
| ১৯. | গভর্ণমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল, ধানমন্ডি, ঢাকা। | ১২৭০৮৫---১২৮৫৮৫ | ১৫০০ |
| ২০. | ধানমন্ডি গভঃ বয়েজ হাই স্কুল, ধানমন্ডি, ঢাকা-১২০৭। | ১২৮৫৮৬---১৩০০৮৫ | ১৫০০ |
| ২১. | ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, তেজগাঁও, ঢাকা। | ১৩০০০৮৬---১৩৩০০০ | ২৪৯৮ |
| ২২. | তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, তেজগাঁও, ঢাকা। | ২০০০০১---২০১৬০২ | ১৬০০ |
| ২৩. | তেজগাঁও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ফার্মগেট, ঢাকা। | ২০১৬০৩---২০২৬০২ | ১০০০ |
| ২৪. | সিভিল এভিয়েশন উচ্চ বিদ্যালয়, সি. এ. আবাসিক এলাকা, পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, শাহীনবাগ, ঢাকা। | ২০২৬০৩---২০৪১০৫ | ১৫০০ |
| ২৫. | সরকারি বিজ্ঞান কলেজ সংযুক্ত হাই স্কুল, ফার্মগেট, তেজগাঁও, ঢাকা। | ২০৪১০৬---২০৫৯৫২ | ১০৩৯ |

- **[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন; চাকরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]**
- **[ঘড়ি, মোবাইল ফোন, বই, ব্যাগ, ক্যালকুলেটর এবং যেকোনো ধরনের ইলেকট্রনিক ডিভাইসসহ পরীক্ষা হলে প্রবেশ শাস্তিযোগ্য অপরাধ।]**

২৬.৭.১৮

**আ. ই. ম. নেছার উদ্দিন**
পরীক্ষা নিয়ন্ত্রক [ক্যাডার]

জিডি-১৮৪৬

---

# Government of the People's Republic of Bangladesh

Local Government Engineering Department
Fourth Primary Education Development Program (PEDP4)
Sher-e-Bangla Nagar, Agargaon, Dhaka-1207

Memo No. 46.02.0000.902.11.17.18.14551 Date: 29-07-2018

## Corrigendum

All concerned are hereby notified that due to some unavoidable circumstances the following changes of the invitation of tender vide Memo No. 46.02.0000.902.11.17.18/13658 dated 25-06-2018 for procurement of Non Consulting Service (Hiring of Man Power-National) have been made. All other terms and conditions will remain unchanged.

| Sl No. | Description | Original date & time | Revised date |
|---|---|---|---|
| 16. | Tender last selling date | 31-07-2018 (office time) | 05-08-2018 (office time) |
| 17. | Tender last submission closing date & time | 01-08-2018 at 02:00pm | 06-08-2018 at 2:00pm |
| 18. | Tender opening date & time | 01-08-2018 at 02:30pm | 06-08-2018 at 2.30pm |
| 21 | **Brief description of service** | **Original number** | **Revised number** |
| | (3) Facilitator | 3 | 8 |
| | (4) Assistant Facilitator | 22 | 15 |
| | (13) Office Support/MLSS | 21 | 34 |
| | Total staff | 101 (one hundred one) | 112 (one hundred twelve) |
| 23 | Tender security | BDT 11,50,000.00 (Original tender security) | BDT 14,00,000.00 (Revised tender security) |

**Md. Khalilur Rahman**
Additional Chief Engineer (Implementation)
LGED HQ, Agargaon, Dhaka
Tel No. 02-9128051

GD-1849

---

# Government of the People's Republic of Bangladesh

Office of the Executive Engineer
Education Engineering Department, Ministry of Education,
Netrakona Zone, Zilla Shikkha Bhaban, Netrakona

Invitation Ref. No. 01/EE/EED/NZ/SESIP/2018-19 Date: 26/07/2018

## Invitation for e-Tender

This is an online tender, where only e-Tender will be accepted in the National e-GP Portal and no offline/hard copies will be accepted. To submit e-Tender, registration in the National e-GP System Portal (www.eprocure.gov.bd) is required.

| Sl. No. | Package No. | Name of works | Tender ID | Last date and time of selling documents | Last date and time of submission documents |
|---|---|---|---|---|---|
| 01 | WD-96(a) | Construction of single storied academic building with four storied foundation including sanitary water supply & internal electrification works for pre-vocational & vocational program at Teligati B.N.H.K Academy Atpara Netrakona | 214401 | 29-08-2018 17:00 | 30-08-2018 12:00 |
| 02 | WD-96(b) | Construction of single storied academic building with four storied foundation including sanitary water supply & internal electrification works for pre-vocational & vocational program at Nishcintapur High School Barhatta Netrakona | 214400 | 29-08-2018 17:00 | 30-08-2018 12:00 |
| 03 | WD-96(d) | Construction of single storied academic building with four storied foundation including sanitary water supply & internal electrification works for pre-vocational & vocational program at Birisiri PCNALL Memorial High School Durgapur Netrakona | 214398 | 29-08-2018 17:00 | 30-08-2018 12:00 |
| 04 | WD-96(e) | Construction of single storied academic building with four storied foundation including sanitary water supply & internal electrification works for pre-vocational & vocational program at Ashujia J.N.C High School Kendua Netrakona | 214399 | 29-08-2018 17:00 | 30-08-2018 12:00 |
| 05 | WD-96(f) | Construction of single storied academic building with four storied foundation including sanitary water supply & internal electrification works for pre-vocational & vocational program at Shajiura High School Kendua Netrakona | 214396 | 29-08-2018 17:00 | 30-08-2018 12:00 |
| 06 | WD-96(g) | Construction of single storied academic building with four storied foundation including sanitary water supply & internal electrification works for pre-vocational & vocational program at Kendua Ashrafia Hossainia Dakhil Madrasha Kendua Netrakona | 214395 | 29-08-2018 17:00 | 30-08-2018 12:00 |
| 07 | WD-96(h) | Vertical extension of existing academic building 17.50 lakh including stair case toilet block internal electrification sanitary & water supply works for pre-vocational & vocational program at Shaldigha Gopal Gopinath High School Khaliajury Netrakona | 214381 | 29-08-2018 17:00 | 30-08-2018 13:00 |
| 08 | WD-96(j) | Construction of single storied academic building with four storied foundation including sanitary water supply & internal electrification works for pre-vocational & vocational program at Madan Adarsha Public High School Madan Netrakona | 214384 | 29-08-2018 17:00 | 30-08-2018 12:00 |
| 09 | WD-96(k) | Construction of single storied academic building with four storied foundation including sanitary water supply & internal electrification works for pre-vocational & vocational program at Mohangonj Pilot Govt. High School Mohangonj Netrakona | 214383 | 29-08-2018 17:00 | 30-08-2018 12:00 |
| 10 | WD-96(l) | Vertical extension 1st & 2nd floor of existing academic bldg. i/c. sanitary water supply and electrification works constructed under 3000 school project having foundation of 4-storey for pre-vocational & vocational program at Muktal Hossain High School Sadar Netrakona | 214380 | 29-08-2018 17:00 | 30-08-2018 13:00 |
| 11 | WD-96(m) | Construction of single storied academic building with four storied foundation including sanitary water supply & internal electrification works for pre-vocational & vocational program at Narayan Dahar High School Purbodhala Netrakona | 214382 | 29-08-2018 17:00 | 30-08-2018 12:00 |

Further information and guidelines are available in the National e-GP System Portal and from e-GP help desk (helpdesk@eprocure.gov.bd).

**Md. Tazrul Islam**
Executive Engineer (Adl. Charge)
Education Engineering Department
Netrakona Zone, Netrakona
E-mail: ee_net@eedmoe.gov.bd

GD-1845